



খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
ঠিকরাবন্দ, খুলনা

দুরালাপনী
অফিস/বাসা : ০৪১-৭২১৯৯১
অভিযোগকেন্দ্র : ০৪১-৮১০৮৯০(১০১-১১৬)
ফ্যাক্স : +৮৮০৪১-৭২১৯৯১
ই-মেইল : khulnapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৩৩.০১.০২১.২১. ২০২৪

তারিখঃ- ২৮ মাঘ '১৪২৭ বঙ্গাব্দঃ
১১ ফেব্রুয়ারী '২০২১ খ্রিঃ

বিষয়: Dot Matrix printer Head ক্রয়ের এর জন্য পুনঃ রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) আহবান প্রসঙ্গে।

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিম্নবর্ণিত স্পেসিফিকেশন ও শর্ত সাপেক্ষে ডট ম্যাট্রিক্স প্রিন্টার হেড ক্রয়ের লক্ষ্যে পবিস এর নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশের প্রকৃত সরবরাহকারী/বিক্রয়কারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) আহবান করা যাচ্ছেঃ

RFQ নং	বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
২১/২০২০- ২০২১	Epson 2190 Dot Matrix printer Head (Original)	১৫টি		
		মোট টাকা =		

০১। পুনঃরিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময়ঃ- ২২/০২/২০২১ খ্রিঃ তারিখ, দুপুর ১২:০০ ঘটিকা।

০২। (RFQ) জমা দেয়ার স্থান : পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা।

০৩। (RFQ) খোলার তারিখ, সময় ও স্থান : ২২/০২/২০২১ খ্রিঃ তারিখ, দুপুর ১২:৩০ ঘটিকা, পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা।

শর্তাবলীঃ-

- ০১। দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে “Dot Matrix Printer Head সরবরাহের দরপত্র” কথাটি লিখে দিতে হবে।
- ০২। দরদাতা প্রতিষ্ঠানকে দরপত্রের সাথে হাল নাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর ও ভ্যাট রেজিস্ট্রেশন ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৩। অফার আইটেমের স্পেসিফিকেশন প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে দাখিল করতে হবে।
- ০৪। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে মালামালসমূহ নিজ খরচে অত্র পবিসের সদর দপ্তরে সরবরাহ করতে হবে। মালামালসমূহের গুণগত মান পরিদর্শন কমিটি কর্তৃক যাচাই করা হবে।
- ০৫। দরপত্রে একক ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে।
- ০৬। মালামাল গ্রহণের প্রাক্কালে মালামালের গুণাগুণ যাচাই সাপেক্ষে বিল ও চালান দাখিল করতঃ সরবরাহকারী প্রতিষ্ঠানকে সমিতি কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মূল্য পরিশোধ করা হবে। বিল হতে সরকারী নিয়মানুযায়ী সকল ধরনের ট্যাক্স ও ভ্যাট কর্তন করা হবে।
- ০৭। যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য বিলম্বের সরবরাহকৃত মালামালের কার্যাদেশ মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।



=০২=



- ০৮। সফল দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হলে কার্যাদেশ ইস্যুর ১০ দিনের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।
- ৯। সরবরাহকারী প্রতিষ্ঠানকে Epson LQ 2190 Dot Printer Head (Original) এর সোল ডিস্ট্রিবিউটর/সোল ডিস্ট্রিবিউটর কর্তৃক অথোরাইজড হতে হবে। এক্ষেত্রে যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। অরিজিনাল হেড কঠোরভাবে যাচাই করা হবে এবং কোনভাবে অরিজিনাল হেড ব্যতিত অন্য কোন হেড সরবরাহ করলে প্রতিষ্ঠানকে নন-রেসপন্সিভ এবং কালো তালিকাভুক্ত করা হবে।
- ১০। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ১১। খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ১২। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নেই এমন সব বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

11.02.2021
(প্রকৌঃ মোঃ আলতাফ হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা
- ০২। জেলা প্রশাসক, খুলনা।
- ০৩। পুলিশ সুপার, খুলনা।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজারপবিস-১/২/৩/৪
- ০৫। নির্বাহী প্রকৌশলী (সিস্টেম অপারেশন ও বিতরণ), বাপবিবো, খুলনা।
- ০৬। ডিজিএম- পাইকগাছা/সেনেরবাজার/ডুমুরিয়া জোনাল অফিস/ (সদর-কারিগরী), খুলনা পবিস।
- ০৭। এজিএম (ওএন্ডএম), কয়রা/ দাকোপ/ তেরখাদা সাব- জোনাল অফিস, খুলনা পবিস।
- ০৮। এজিএম (অর্থ/ওএন্ডএম), খুলনা পবিস।
- ০৯। জুনিয়র ইঞ্জিনিয়ার/সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), খুলনা পবিস (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)
- ১০। মেসার্স-----।
- ১১। নোটিশ বোর্ড, সদর দপ্তর, খুলনা পবিস।
- ১২। অফিস/মাষ্টার কপি।

নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

11.02.2021
সিনিয়র জেনারেল ম্যানেজার
খুলনা পবিস।